**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 9/19/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# হারিকেন ফিওনার ফলে সৃষ্ট বিধ্বংসী বন্যা পরবর্তী সহায়তা সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

***ত্রাণ প্রচেষ্টায় সহায়তা করার জন্য নিউ ইয়র্ক স্টেটের 100 জন ট্রুপারকে পুয়ের্তো রিকোতে পাঠানো হবে***

***যেহেতু পুয়ের্তো রিকো গ্রীষ্মমন্ডলীয় ঝড়ের কবলে পড়েছে এবং এক মিলিয়ন বাসিন্দা বিদ্যুৎ বিচ্ছিন্ন অবস্থায় রয়েছে, স্টেট পর্যায়ের এজেন্সি, নিউ ইয়র্কের বিল্ডিং ট্রেড, বেসরকারি খাতের ব্যবসা এবং কমিউনিটি-ভিত্তিক সংস্থাগুলো সহায়তা করার জন্য প্রস্তুত রয়েছে***

***2017 সালে হারিকেন মারিয়ার পর পুয়ের্তো রিকোতে প্রভাব ফেলা মারাত্মক ঝড়ে দ্বীপের দক্ষিণ ও পূর্ব অংশে প্রাণঘাতী ও বিপর্যয়কর বন্যার সম্ভাবনা অব্যাহত রয়েছে***

***গভর্নর হোকল পুয়ের্তো রিকোর গভর্নর, ডোমিনিকান রিপাবলিকের প্রেসিডেন্টের সাথে যোগাযোগ রাখছেন এবং জরুরি সাড়াদান সম্পদসহ স্টেট পর্যায়ের সংস্থাগুলোর পূর্ণ সহায়তার প্রস্তাব দিয়েছেন***

2017 সালে হারিকেন মারিয়ার পর দ্বীপটিতে আঘাত হানা সবচেয়ে মারাত্মক ঝড় হারিকেন ফিওনার ফলে সৃষ্ট বিধ্বংসী বন্যা ও ঝড়ের পরিপ্রেক্ষিতে পুয়ের্তো রিকোকে সহায়তা করার জন্য গভর্নর ক্যাথি হোকল আজ নিউ ইয়র্ক স্টেটের পদক্ষেপ ঘোষণা করেছেন। পুয়ের্তো রিকোর গভর্নর পেড্রো পিয়েরলুইসির সাথে ফোনালাপের পরে, গভর্নর হোকল বাসিন্দাদের নিরাপদ রাখতে সহায়তা করার জন্য নিউ ইয়র্ক স্টেট পুলিশকে 50 জন ট্রুপার পাঠানোর নির্দেশ দিয়েছেন এবং আগামী সপ্তাহে আরো 50 জন অতিরিক্ত ট্রুপার মোতায়ন করা হবে। গভর্নর আরো ঘোষণা করেছেন যে স্টেট ডেল্টা, জেটব্লু, কোকা-কোলা, নিউ ইয়র্ক স্টেট বিল্ডিং ট্রেড, গ্রেটার নিউ ইয়র্ক হাসপাতাল অ্যাসোসিয়েশন, এবং SOMOS কমিউনিটি কেয়ারের সাথে কাজ করছে, যারা সাড়াদান ও পুনরুদ্ধার প্রচেষ্টার জন্য তাদের সহায়তার প্রতিশ্রুতি দিয়েছে। এছাড়াও, নিউ ইয়র্ক পাওয়ার অথরিটির (New York Power Authority) টিম দ্বীপে বিদ্যুৎ পুনরুদ্ধারে মোতায়ন এবং সহায়তা করার জন্য প্রস্তুত রয়েছে।

"প্রকৃতি মা যে বিধ্বংসী প্রভাব ফেলতে পারে তা নিউ ইয়র্ক ভালোভাবেই জানে, এবং এই কারণেই আমরা পুয়ের্তো রিকোর জনগণকে এই ভয়ানক ঝড়ের কবল থেকে পুনরুদ্ধার ও পুনর্নির্মাণে সহায়তা করার জন্য প্রস্তুত রয়েছি," **বলেছেন গভর্নর হোকল।** "আমাদের পুয়ের্তো রিকোর ভাই-বোনেরা অবিশ্বাস্যরকম সহনশীল, কিন্তু এই রকম সময়ে, আমরা পারি এমন যেকোনো উপায়ে সাহায্য করার জন্য নিউ ইয়র্ক সেখানে থাকবে, যার মধ্যে দ্বীপ এবং এর বাসিন্দাদের পুনরুদ্ধারে সহায়তা করার জন্য কর্মী ও সম্পদ পাঠানো অন্তর্ভুক্ত রয়েছে।"

ডোমিনিকান রিপাবলিকও হারিকেন ফিওনার ফলে প্রভাবিত হচ্ছে, এবং দেশের ত্রাণ প্রচেষ্টাকে সমর্থন করার জন্য গভর্নর হোকল ডোমিনিকান রিপাবলিকের প্রেসিডেন্ট লুইস আবিনাদেরের সাথে যোগাযোগ রাখছেন। গভর্নর হোকল পুনর্ব্যক্ত করেন যে ঝড়টি এখনো শেষ হয়নি, কারণ এই সপ্তাহের শেষের দিকে উত্তর-পূর্ব দিকে ঘুরে যাওয়ার আগে, এর সাধারণ উত্তর-পশ্চিমমুখী গতি এই সন্ধ্যায় অব্যাহত থাকবে বলে ধারণা করা হচ্ছে।

রবিবারে, প্রেসিডেন্ট বাইডেন হারিকেন ফিওনাকে একটি জরুরি অবস্থা হিসেবে ঘোষণা করেন এবং FEMA-কে দুর্যোগ ত্রাণ কার্যক্রম সমন্বয়ের দায়িত্ব দেন। নিউ ইয়র্ক পুয়ের্তো রিকোর বাসিন্দাদের সহায়তা করার জন্য আগামী দিনগুলোতে FEMA কর্তৃক সমন্বিত যেকোনো অনুরোধে সহায়তা করার জন্য কাজ করবে। ডেল্টা ও জেটব্লু উভয়ই কার্গো স্পেস দান করবে এবং জরুরি কর্মীদের পরিবহন করবে; বৃহত্তর নিউ ইয়র্ক হসপিটাল অ্যাসোসিয়েশন চিকিৎসা সামগ্রী সরবরাহ করবে; এবং কোকা-কোলা পানি ও অন্যান্য পণ্য সরবরাহের প্রতিশ্রুতি দিয়েছে। নিউ ইয়র্ক সিটি এবং ওয়েস্টচেস্টার কাউন্টির হ্যাবিট্যাট ফর হিউম্যানিটি এবং স্টেট বিল্ডিং ট্রেড প্রয়োজন শনাক্ত করা হলে তাদের সহায়তাদানের প্রতিশ্রুতি দিয়েছে।

পুয়ের্তো রিকোতে ঝড়ের ফলে মোট 12 থেকে 20 ইঞ্চি এবং কিছু এলাকায় স্থানীয়ভাবে 30 ইঞ্চি পর্যন্ত বৃষ্টিপাত হয়েছে। এই পরিমাণের বৃষ্টিপাত প্রাণঘাতী ও বিপর্যয়কর বন্যা তৈরি করতে সক্ষম। এক মিলিয়নেরও বেশি পুয়ের্তো রিকোবাসী বর্তমানে বিদ্যুৎবিচ্ছিন্ন অবস্থায় রয়েছে কারণ গুরুত্বপূর্ণ অবকাঠামো ব্যবস্থা ক্ষতিগ্রস্ত হয়েছে এবং গ্রীষ্মমণ্ডলীয় ঝড়ের পরিস্থিতি দ্বীপটিকে প্রভাবিত করছে।

**নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services)-এর কমিশনার জ্যাকি ব্রে বলেন**, "আমাদের ভালোবাসা পুয়ের্তো রিকোর জনগণের সাথে রয়েছে কারণ তারা আরো একটি বিধ্বংসী হারিকেনের প্রভাব সহ্য করছে। গভর্নর হোকল ও আমি ফিওনাকে এবং দ্বীপের বাইরে অন্যান্য জায়গাতেও পড়তে পারে ঝড়ের এমন পরবর্তী প্রভাব নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছি। DHSES এর ইমার্জেন্সি অপারেশন সেন্টার স্থলভাগে স্টেট পর্যায়ের সংস্থার সাড়াদান সমন্বয় করবে যদি FEMA এবং পুয়ের্তো রিকো উভয়ের কাছ থেকে বাড়তি অনুরোধ পাওয়া যায়।"

**নিউ ইয়র্ক পাওয়ার অথরিটির অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট ও CEO জাস্টিন ই. ড্রিসকল বলেন,** "NYPA আমাদের পুয়ের্তো রিকোর ভাই-বোনদের পাশে দাঁড়িয়েছে যে মুহূর্তে তারা হারিকেন ফিওনা এবং এই ঝড়ের চ্যালেঞ্জ মোকাবেলা করছে। যেহেতু আমরা সাম্প্রতিক হারিকেন পরবর্তী সময়ে পুয়ের্তো রিকোকে সহায়তা করেছি, তাই আজ আমরা ফিওনার ক্ষেত্রে

সাড়াদানে সহায়তা করার জন্য প্রস্তুত রয়েছি। NYPA পুয়ের্তো রিকোর জ্বালানি ব্যবস্থাপনা সিস্টেমের সহনশীলতা ও নির্ভরযোগ্যতার ক্ষেত্রে সহায়তা করেছে এবং আমরা দ্বীপটিকে জীবাশ্ম জ্বালানি নির্ভর গ্রিড থেকে দূরে সরিয়ে নিতে সাহায্য করতে কৌশলগত পরিকল্পনায় সহায়তা করেছি। এই জরুরি অবস্থা আসার সাথে সাথে, আমরা প্রয়োজনের সাথে তাল মিলিয়ে যাচ্ছি এবং প্রয়োজন অনুসারে সহায়তা করার জন্য সংস্থান প্রস্তুত করছি।"

**নিউ ইয়র্ক স্টেটের পুলিশ সুপারিন্টেন্ডেন্ট কেভিন পি. ব্রুয়েন বলেন,** "স্টেট ট্রুপাররা প্রয়োজনের সময় সহায়তা প্রদানের জন্য সদা প্রস্তুত, তা সেটা নিউ ইয়র্ক স্টেটে অথবা অন্য কোথাও হোক না কেন। হারিকেন ফিওনা পরবর্তী সময়ে আমাদের পুয়ের্তো রিকোর প্রতিবেশীদের পুনরুদ্ধারের জন্য আমরা এই মিশনের প্রতি প্রতিশ্রুতিবদ্ধ।"

হারিকেন মারিয়ার সময়ে, নিউ ইয়র্ক পুয়ের্তো রিকোকে দ্বীপের জ্বালানি অবকাঠামো পুনরুদ্ধার ও পুনর্নির্মাণের জন্য FEMA থেকে বিলিয়ন ডলারের ফেডারেল তহবিল নিশ্চিত করতে সাহায্য করেছে, এছাড়াও NYPA দ্বীপে পাওয়ারপ্ল্যান্ট এবং সাবস্টেশনের প্রযুক্তিগত মূল্যায়ন করেছে।

2021 সালের নভেম্বরে, গভর্নর হোকল পুয়ের্তো রিকো এবং ভার্জিন দ্বীপপুঞ্জের জন্য সৌরশক্তি উন্নয়ন সহায়তা প্রসারিত করার জন্য অংশীদারিত্ব ঘোষণা করেছিলেন। অংশীদারিত্বের অংশ হিসেবে, স্টেট নতুন কারিকুলাম এবং অনুমোদন ও অর্থায়নের দক্ষতা প্রদান করেছে যা দ্বীপে সৌরবিদ্যুৎ শিল্পের উন্নয়নে সহায়তা করবে। এই প্রচেষ্টা হারিকেন ইরমা ও মারিয়া থেকে পুয়ের্তো রিকোর পুনঃনির্মাণ ও পুনরুদ্ধারে সহায়তা করার জন্য নিউ ইয়র্কের দীর্ঘমেয়াদী প্রতিশ্রুতিকে আরো শক্তিশালী করে এবং ক্রমবর্ধমান পরিচ্ছন্ন জ্বালানি জনবল পাইপলাইন এবং সমতাপূর্ণ পরিচ্ছন্ন জ্বালানি রূপান্তর নিশ্চিত করার জন্য নিউ ইয়র্ক স্টেটের প্রতিশ্রুতিকে জোরদার করতে সাহায্য করে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418